6

দৈনিক ইত্তেফাক

তারিখ ...JAN 13 1999 ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৭ ......

# স্থায়ী কমিটির বৈঠকে বিভিন্ন ভার্সিটি সংক্রান্ত সংশোধনী বিল চূড়ান্ত

জাতীয় সংসদের শিল্প মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির এক বৈঠকে গত সোমবার দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় সম্পর্কিত সংশোধনী বিলের উপর রিপোর্ট চূড়ান্ত করা হয়। এ ছাড়া বৈঠকে বিশ্ববিদ্যালয়সমূহের সার্বিক পরিস্থিতি শিক্ষার মানোন্নয়ন স্বায়ত্তশাসন এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কার্যক্রম সম্পর্কে

(১২ পৃঃ দ্রঃ)

## স্থায়ী কমিটির

(৩য় পৃঃ পর)

আলোচনা করা হয়। সংসদ ভবনে অনুষ্ঠিত এ সভায় কমিটির সভাপতি নূরুল ইসলাম নাহিদ সভাপতিত্ব করেন।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল, ১৯৯৮; জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল, ১৯৯৮; চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল, ১৯৯৮; কৃষি বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল। ১৯৯৮, ইসলামী বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল, ১৯৯৮; শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল, ১৯৯৮ এবং খুলনা বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল, ১৯৯৮ সম্পর্কে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর সংসদে উত্থাপনের জন্য বিলগুলির উপর রিপোর্ট চূড়ান্ত করা হয়। এসব বিল, ইতিপূর্বে সংসদে উত্থাপনের পর পরীক্ষানিরীক্ষার জন্য কমিটিতে প্রেরণ করা হইয়াছিল। কমিটির সদস্য শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক, হুইপ উপাধ্যক্ষ মোঃ আবদুস শহীদ, অধ্যাপক মোঃ আবদুল কুদ্দুস, কাজী সিরাজুল ইসলাম বেগম রওশন এরশাদ, আলমগীর কবির এবং মোঃ মসিউর রহমান বৈঠকে অংশ গ্রহণ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের সচিব কাজী রকিব উদ্দীন আহমদ এবং সংশ্লিষ্ট অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

—তথ্য বিবরণী